

## 💵 আর-রাহীকুল মাখতূম

विভাগ/অধ্যায়ঃ গাযওয়ায়ে বদরে কুবরা- ইসলামের প্রথম ফায়সালাকারী যুদ্ধ (مُعُرِكَةٍ مِنْ مَعْرِكَةٍ مِنْ)

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

মক্কা সেনাবাহিনীর যুদ্ধযাত্রা (كبيش مكة يتحرك):

সুরাকাহ ইবনু মালিকরূপী অভিশপ্ত ইবলীস শয়তান বনু কিনানাহর ব্যাপারে জামিন হওয়ার প্রতিশ্রুতি প্রদান করায় কুরাইশগণ আশঙ্কামুক্ত হয়ে মক্কা থেকে বেরিয়ে পড়ল। আল্লাহ তা'আলা যেমনটি বলেন,

(بَطَرًا وَرِبًاء النَّاسِ وَيَصِدُونَ عَن سَبِيْلِ اللهِ) [الأنفال:47]

"তারা শক্তিমন্তায় গর্বিত হয়ে জনগণকে (নিজেদের শক্তিমন্তা) দেখাতে দেখাতে আল্লাহর পথে বিঘ্ন সৃষ্টির উদ্দেশ্যে নিজেদের গৃহ হতে বহির্গত হলো।' (আল-আনফাল ৮ : ৪৭)

আর রাস্লুল্লাহ (ﷺ) যেমনটি বলেছেন, 'নিজেদের ক্ষুরধার অস্ত্রে সজ্জিত হয়ে আল্লাহ ও তাঁর রাসূল (ﷺ) এর নিকটে অপমানিত হয়ে প্রতিশোধ নেয়ার ও আত্ম-অহমিকার নেশায় উন্মন্ত হয়ে এ বলে যুদ্ধে বেরিয়েছে যে, রাস্লুল্লাহ (ﷺ) ও তাঁর সাথীগণ মক্কাবাসীগণের ব্যবসায়ী দলের উপর চক্ষুত্তোলনের হিম্মত পেল কোথায় থেকে?' মক্কা বাহিনী খুব দ্রুত গতিতে উত্তর মুখে বদর প্রান্তরের দিকে অগ্রসর হচ্ছিল। অগ্রযাত্রার এক পর্যায়ে তারা উসফান ও কুদায়েদ উপত্যকা অতিক্রম করে যখন জুহফা নামক স্থানে উপস্থিত হল তখন আবৃ সুফইয়ানের লোক এসে সংবাদ দিল যে, 'কাফেলা নিরাপদে চলে এসেছে সুতরাং সামনে আর অগ্রসর না হয়ে এখন ফিরে যাওয়ার পালা।'

Source — https://www.hadithbd.com/books/link/?id=6183

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন